ব্যবস্থাপনা পরিচালক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
টেলিফোন ঃ ৯৫৮৭২৪০, ৯৫৫৮৬০৭, ফ্যাক্স নং-৯৫৬১২১১


নং-বিকেবি/এমডি/০৩(৭)/২০১৫-২০১৬/০১(১২৫০) তারিখ ঃ ০১-০৭-২০১৫

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৪। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে

বিষয় ঃ <u>২০১৫-২০১৬ অর্থ বছরের ব্যাংকের ব্যবসায়িক বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং উহার অর্জন প্রসংগে</u>।

প্রিয় মহোদয়,

২০১৪-২০১৫ অর্থ বছর শেষ হয়ে সবেমাত্র নতুন অর্থ বছর ২০১৫-২০১৬ শুরু হয়েছে। গত অর্থ বছরে দেশের বিভিন্ন প্রতিকুল অবস্থা মোকাবেলা করে ব্যাংকের সীমিত লোকবল নিয়ে সকল কর্মকান্ড সুষ্ঠু ও সুপরিকল্পিতভাবে এবং আন্তরিকতার সাথে পরিচালনা করার জন্য আপনাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এ প্রতিকুল পরিস্থিতিতে ব্যাংকের যাবতীয় কর্মকান্ড পরিচালনা করার পরেও বেশ কয়েকটি ব্যবসায়িক লক্ষ্যমাত্রা আশানুরূপ অর্জিত হয়েছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক একটি বিশেষায়িত সরকারী ব্যাংক। অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের ন্যায় বছরের শেষে এ ব্যাংকেরও বার্ষিক হিসাব-নিকাশ সম্পন্নপূর্বক আয়-ব্যয় নির্ধারণ করা হয় এবং হিসাব পরবর্তী সময়ে ব্যাংকের প্রকৃত আর্থিক অবস্থা (লাভ অথবা ক্ষতি) প্রতিফলিত হয়।

০৩। ব্যাংকের আর্থিক ভিত্তি সুদৃঢ়করণ ও লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে গত ১৫-০৬-২০১৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫৩৯তম সভায় উপস্থাপিত লক্ষ্যমাত্রাসমূহ সদয় অনুমোদন করায় ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য ০৭টি ব্যবসায়িক বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা একটি নির্দেশক (Indicative Target) মাত্র। ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুসরণ এবং জনশক্তির পূর্ণ সদ্ব্যবহার করা হলে আমার দৃঢ় বিশ্বাস প্রত্যেকটি ব্যবসায়িক লক্ষ্যমাত্রা ১০০% এরও বেশী অর্জন করা সম্ভব। আমি আশা করছি আপনারা বছরের শুরু থেকেই সঠিক কর্মপরিকল্পনা গ্রহণ করে বিদ্যমান জনশক্তির পূর্ণ সদ্ব্যবহারপূর্বক সবগুলো ব্যবসায়িক লক্ষ্যমাত্রাই শতভাগ অর্জনে সক্ষম হবেন। যে কোন পর্যায়ে প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কার্যালয়/শাখা/ব্যক্তিকে এ জন্য জবাবদিহি করতে হবে। আমি বিকেবিতে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করে "Better me better BKB" এই concept দিয়েছি। অর্থাৎ নিজেকে আরো উৎকর্ষ ও আরো বেশী গ্রহণযোগ্য করে তোলা এবং গত কাল যে কাজটা করা হয়েছে, আজকে তার চেয়ে একটু ভালো কাজ করা এবং আগামীকাল আরো একটু বেশী ভালো কাজ করতে হবে। এই concept টি মাথায় রেখে অগ্রসর হলেই আশা করছি বিকেবি ঘুরে দাঁড়াতে খুব একটা বেশী সময় লাগবে না। ইতোমধ্যে আপনারা "Better me better BKB" এর concept মোতাবেক কাজ শুরু করেছেন যার result আমরা পেতে শুরু করেছি।

০৪। ব্যাংকের সম্পদ ও দায় (Assets and Liabilities) এর সুষ্ঠু সমন্বয়ের লক্ষ্যকে সামনে রেখে ২০১৫-২০১৬ অর্থ বছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারণ করা হয়েছে। ঝুঁকি বিশ্লেষণের মাধ্যমে যোগ্য ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণের পরিমান হ্রাস, সুদ আয়সহ Non-funded ব্যবসার মাধ্যমে আয় বৃদ্ধিপূর্বক ব্যাংকের সম্পদ বাড়াতে হবে। পাশাপাশি ঋণ শ্রেণীকৃত হওয়া রোধ, উচ্চ সুদবাহী আমানত পরিহার, প্রধান কার্যালয় থেকে কর্জ না নেয়ার মাধ্যমে তহবিল ব্যবস্থাপনা উন্নয়নপূর্বক শাখা/অঞ্চলকে লাভজনক পর্যায়ে উন্নীত করার ব্যবস্থা নিতে হবে। ব্যবসায়িক চিন্তা বিবেচনায় এনে সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপকগণ সার্বিক লক্ষ্যমাত্রা অর্জনের উপর সার্বক্ষণিক নজর রাখবেন।

০৫। আলোচ্য ব্যবসায়িক লক্ষ্যমাত্রা ও উহার বাস্তবায়ন প্রক্রিয়া সম্বন্ধে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নীতিমালা প্রণয়নপূর্বক নিম্নোক্ত ০৭(সাত)টি পরিপত্র ইতোমধ্যে মাঠ পর্যায়ে জারী করা হয়েছে।

| ক্রঃ নং | পরিপত্রের বিষয়বস্তু | সংশ্লিষ্ট বিভাগের নাম | পরিপত্রের নম্বর ও তারিখ | পরিপত্র প্রেরণের মাধ্যম |
|---|---|---|---|---|
| ১ | ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক আমানত সংগ্রহ কর্মসূচী। | শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ | নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ/শানিব্যউবি পরিপত্র নং-০১/২০১৫ তারিখঃ ২৮-০৬-২০১৫ | ই-মেইলযোগে |
| ২ | ২০১৫-২০১৬ অর্থ বছরের বার্ষিক ঋণ বিতরণ কর্মসূচী। | ঐ | নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ/শানিব্যউবি পরিপত্র নং-০২/২০১৫ তারিখঃ ২৮-০৬-২০১৫ | ঐ |
| ৩ | ২০১৫-২০১৬ অর্থ বছরের ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসংগে। | ঋণ আদায় বিভাগ | ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং-০১/২০১৫ তারিখঃ ২১-০৬-২০১৫ | ঐ |
| ৪ | ২০১৫-২০১৬ অর্থ বছরের এসএমই ঋণ লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসংগে। | এসএমই বিভাগ | বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৪-১৫/৩৯৮তারিখঃ ২৯-০৬-১৫ | ঐ |
| ৫ | ২০১৫-২০১৬ অর্থ বছরের বৈদেশিক বাণিজ্যে অনুমোদিত ডিলার শাখাসমূহের জন্য আমদানি-রপ্তানি ব্যবসা ও বৈদেশিক বিনিময় খাতে আয়ের লক্ষ্যমাত্র নির্ধারণ প্রসংগে। | আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ | পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৯/২০১৫ তারিখঃ ২৩-০৬-২০১৫ | ঐ |
| ৬ | ২০১৫-২০১৬ অর্থ বছরের বৈদেশিক রেমিটেন্স এর বিভাগওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসংগে। | ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ | আন্তর্জাতিক ও হিসাব পরিপত্র নং-০৩/২০১৫ তারিখঃ ২২-০৬-২০১৫ | ঐ |
| ৭ | ২০১৫-২০১৬ অর্থ বছরের ব্যাংকের মুনাফা অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও উহার অর্জন প্রসংগে। | কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ | আন্তর্জাতিক ও হিসাব পরিপত্র নং-০৪/২০১৫ তারিখঃ ২৩-০৬-২০১৫ | ঐ |

চলমান পাতা/০২

০৬। ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ যেহেতু শাখার মাধ্যমেই বাস্তবায়িত হয়ে থাকে; কাজেই শাখার অবস্থান ও সম্ভাবনা বিবেচনায় এনে বাস্তবসম্মতভাবে লক্ষ্যমাত্রা শাখাসমূহের মধ্যে বন্টন করা যুক্তিযুক্ত হবে। প্রতিটি শাখার অধিক্ষেত্র সম্পর্কে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপকগণই ভালো জানেন। তাই মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ অঞ্চলাধীন শাখা ব্যবস্থাপকদের সাথে আলোচনা করে সম্ভাব্যতা অনুযায়ী বাস্তবতার নিরিখে ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারণ করে দিবেন। সম্ভাবনাময় কর্মকান্ড থাকা সত্ত্বেও সে খাতে লক্ষ্যমাত্রা নির্ধারণ না করা; আর যেখানে যে কর্মকান্ড নেই সেখানে সে খাতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা-এ ধরনের অস্বাভাবিকতা যাতে সংঘটিত না হয় সে দিকে বিভাগীয় মহাব্যবস্থাপক এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ বিশেষভাবে লক্ষ্য রাখবেন।

০৭। প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র মোতাবেক অঞ্চলওয়ারী ও শাখাওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে ধার্য করে উহার একটি কপি প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করতে হবে। বিভাগীয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন প্রতিটি শাখার কার্যক্রম বিভাগীয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক ভিত্তিতে পরিধারণ করবে এবং কর্মকান্ডের গুণগত মানোন্নয়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। নির্ধারিত ০৭টি ব্যবসায়িক কর্মকান্ডের পারফরমেন্সের অগ্রগতি প্রধান কার্যালয়ের স্ব-স্ব বিভাগ সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক ভিত্তিতে মনিটরিং করবে। তা ছাড়াও প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকদের performance ত্রৈমাসিক ভিত্তিতে evaluation করবে। চলতি অর্থ বছরের ন্যায় আগামী অর্থ বছরেও বাংলাদেশ ব্যাংক হতে শাখাসমূহের কৃষি ঋণ কার্যক্রম নিয়মিত মনিটরিং করবে। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় ও নির্ভুল তথ্যাদি শাখা/কার্যালয়সমূহ কর্তৃক যথাসময়ে বাংলাদেশ ব্যাংককে সরবরাহ করতে হবে।

০৮। আপনারা সকলেই অবগত আছেন যে গত এপ্রিল/২০১৫ মাসে বাংলাদেশ সরকারের পক্ষে অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মহোদয় এবং ব্যাংকের পক্ষে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয় ও নিম্ন-স্বাক্ষরকারী কর্তৃক নির্ধারিত ১৮টি Indicator সম্বলিত একটি Key Performance Indicator(KPI) চুক্তি স্বাক্ষরিত হয়েছে-যা ইতোপূর্বে আপনাদেরকে অবহিত করা হয়েছে। সরকার তথা- অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক Key Performance Indicator(KPI) এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের উপর ভিত্তি করে ব্যাংকের মূল্যায়ন করা হবে বিধায় একই ভাবে আপনাদের কার্যালয়ের Key Performance Indicator(KPI) এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের উপর ভিত্তি করেও আপনাদের performance মূল্যায়ন করা হবে। অতএব আপনাদের সকল Indicator গুলো যাতে শতভাগ অর্জিত হয় সে বিষয়ে বছরের প্রথম থেকেই কর্মপরিকল্পনা করার জন্য পরামর্শ দেয়া হলো।

০৯। প্রধান কার্যালয় থেকে শাখা পর্যন্ত প্রতিটি স্তরের প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী নৈতিকতা অবলম্বনপূর্বক সততা, স্বচ্ছতা, নিষ্ঠা, আন্তরিকতা ও দুর্নীতিমুক্ত ভাবে স্ব-স্ব দায়িত্ব পালন করবেন। কোন কর্মকর্তা/কর্মচারীর নৈতিকতা ও শুদ্ধাচারের স্খলন পরিলক্ষিত হলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। মাঠ পর্যায়ের শাখা/কার্যালয়সমূহই ব্যাংকের মূল চালিকা শক্তি। বিশেষ করে শাখাই ব্যাংকের সকল কর্মকান্ডের কেন্দ্রবিন্দু। সবগুলো ব্যবসায়িক কর্মকান্ডের বিষয়ে বছরের শুরু থেকেই সঠিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক মাঠ পর্যায়ের সকল কার্যালয়/শাখা এর সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের অক্লান্ত পরিশ্রম অব্যাহত রাখবেন এবং লক্ষ্যমাত্রাসমূহ ১০০% অর্জন নিশ্চিত করবেন। অঞ্চল প্রধান ও বিভাগীয় মহাব্যবস্থাপকগণ তাঁদের বুদ্ধিমত্তা, পেশাজীবী ও ব্যবসায়িক মনোভাব এবং বাস্তব পরিস্থিতি বিবেচনায় রেখে আন্তরিকতার সাথে লক্ষ্যমাত্রা অর্জনে শাখাসমূহকে প্রতিনিয়ত সার্বিক সহযোগিতা প্রদান করবেন এবং ব্যাংককে লাভজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে বছরের শুরু থেকেই নিজেরা সকল কর্মকান্ডের সাথে সম্পৃক্ত হয়ে প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করবেন।

১১। প্রতিটি শাখা ব্যবসায়িক বিবেচনায় মাসিক ভিত্তিতে শাখার আয়-ব্যয় নিরূপন করবে এবং প্রতি মাসের লাভ-লোকসানের হিসাব বিবরনী পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখা হতে প্রাপ্ত আয়-ব্যয়/লাভ-লোকসানের বিবরনী পর্যালোচনাপূর্বক নিয়মিত পরিধারণ করবে এবং উহা সংকলন করে ০৬ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয়সমূহ অঞ্চল হতে প্রাপ্ত বিবরনী সংকলনপূর্বক ০৮ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ নিশ্চিত করবে। বছর শেষে ব্যাংকের নীট মুনাফার লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বিভাগ হতে প্রাপ্ত মাসিক আয়-ব্যয় ও লাভ-লোকসানের হিসাব বিবরনী কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ পর্যালোচনা করে মাসিক ভিত্তিতে নিয়মিত মনিটরিং করবে।

১২। আশা করি, চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের ব্যবসায়িক সাফল্য আরো গৌরবোজ্জ্বল হবে। জনসাধারণ, বাংলাদেশ ব্যাংক ও সরকারের নিকট অত্র ব্যাংকের ভাবমূর্তি আরো বৃদ্ধি পাবে। প্রধান কার্যালয়ের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারী ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনে আপনাদেরকে সার্বিক সহযোগিতা প্রদানে সদা প্রস্তুত আছে। আমি আপনাদের সকলের সার্বিক সাফল্য কামনা করছি।

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০১(এক) পাতা।

০১.৭.১৫.

(এম এ ইউসুফ)
ব্যবস্থাপনা পরিচালক
তারিখঃ ০১-০৭-২০১৫

নং- প্রকা/শানিব্যউবি-১(০৪)/২০১৫-২০১৬/০১(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সকল মহাব্যবস্থাপক বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

০১/০৭/১৫

(মোঃ শাহিজাহান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৭৪০২৫

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

বিষয়ঃ ২০১৫-২০১৫ অর্থ বছরের বিভাগওয়ারী ০৮টি ব্যবসায়িক বার্ষিক লক্ষ্যমাত্রা

(কোটি টাকায়)

| ক্রঃ নং | ব্যবসায়িক কর্মকান্ড | বিভাগ/কার্যালয়ের নাম | | | | | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | খুলনা | কুষ্টিয়া | কুমিল্লা | বরিশাল | ফরিদপুর | সিলেট | এলপিও | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | আমানত সংগ্রহ | ৬০০.০০ | ১১০.০০ | ২৮০.০০ | ১৮০.০০ | ৯০.০০ | ২২০.০০ | ১৫০.০০ | ১৩০.০০ | ১০০.০০ | ৩৪০.০০ | ২২০০.০০ |
| ২ | ঋণ বিতরণ | ১০৮৫.০০ | ৬৭০.০০ | ৭৯১.০০ | ৬১৮.০০ | ৫৮৮.০০ | ৬৯৫.০০ | ৫৩৪.০০ | ৫১১.০০ | ৪৩৬.০০ | ৭৭২.০০ | ৬৭০০.০০ |
| ৩ | এসএমই ঋণ বিতরণ | ১২৩.০০ | ৬৭.০০ | ১১৭.০০ | ৬৮.০০ | ৬১.০০ | ৯০.০০ | ২৬.০০ | ৫১.০০ | ৫৭.০০ | ৪০.০০ | ৭০০.০০ |
| ৪ | ঋণ আদায় | ১২৩৯.৩০ | ১১২৬.১০ | ৬৭৭.৯০ | ৫৬৩.৪০ | ৫৩৩.৪৫ | ৬৭২.৩৫ | ৬১৪.৭৫ | ৪০৯.৬০ | ৩৬৩.২৫ | ৫৪৯.৯০ | ৬৭৫০.০০ |
| ৫ | আমদানি ব্যবসা | ৪১০.০০ | ১৭.০০ | ৪১০.০০ | ২১০.০০ | ১.০০ | - | - | - | ২.০০ | ১৯৫০.০০ | ৩০০০.০০ |
| ৬ | রপ্তানি ব্যবসা | ১১৮০.০০ | - | ৫৪০.০০ | ১৫৪.০০ | ১.০০ | - | - | - | ২৫.০০ | ৬০০.০০ | ২৫০০.০০ |
| ৭ | বৈদেশিক রেমিটেন্স | ৪৩০.০০ | ১২৯.০০ | ২২৪.০০ | ৭৪.০০ | ১২৭.০০ | ৪৮৮.০০ | ১১০.০০ | ১২৯.০০ | ১৪৩.০০ | ৪৬.০০ | ১৯০০.০০ |
| ৮ | মুনাফা অর্জন | ১৫০.০০ | ৩৫.০০ | ২৭৫.০০ | ৩৫.০০ | ৩৫.০০ | ৬০.০০ | ৩০.০০ | ২৫.০০ | ৩০.০০ | ১২৫.০০ | ৮০০.০০ |

০১/৭/১৫
মোঃ আলমাছ আলী
ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

০১/৭/১৫
মোঃ শাহজাহান
সহকারী মহাব্যবস্থাপক

f:\Shahjahan agm bcbd board paper quaterly